গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-১ অধিশাখা
www.shed.gov.bd

মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের মধ্যে বই পড়ার অভ্যাস গড়ে তোলার জন্য সেকায়েপ প্রকল্পের মাধ্যমে সরকার ২০১০ সাল থেকে পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি গ্রহণ করে। শিক্ষার গুনগত মান উন্নয়নে এ কর্মসূচি সহায়ক বিবেচনায় সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি) এর আওতায় 'স্ট্রেংদেনিং রিডিং হ্যাবিট অ্যান্ড রিডিং স্কিলস অ্যামাং সেকেন্ডারি স্টুডেন্টস' শীর্ষক স্কিম ডক্যুমেন্ট অনুযায়ী দেশের ১৫ হাজার মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে এ কর্মসূচি পরিচালিত হবে। কর্মসূচি পরিচালনার জন্য দুই প্রকারের বই যথা: ক. কর্মসূচির বই ও খ. পুরস্কারের বই শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহ করতে হবে।

প্রত্যেক শ্রেণিতে কয়টি বই (কর্মসূচির বই) দ্বারা পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি পরিচালনা করা হবে তা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক নির্ধারণ করা হবে। ছাত্র-ছাত্রীদেরকে পাঠাভ্যাস বৃদ্ধিতে উৎসাহ প্রদানের জন্য এই কর্মসূচিতে প্রণোদনামূলক পুরস্কারের ব্যবস্থা রয়েছে। পুরস্কার হিসাবে বই দেয়া হবে। পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির আওতায় পাঠাভ্যাস ও পুরস্কারের জন্য এমন বই নির্বাচন করতে হবে যা শিক্ষার্থীদের মনে আনন্দ ও উদ্দীপনা যোগাবে, শিক্ষার্থীদের মন ও মনন সমৃদ্ধ হবে, সর্বোপরি পুস্তক পাঠের আনন্দ শিক্ষার্থীদের মনে সঞ্চারিত হবে। বইগুলো দেশ-বিদেশের সেরা লেখকের সেরা বই হওয়া প্রয়োজন। বিশ্বের ইতিহাস সৃষ্টিকারী ব্যক্তিগণের জীবনীভিত্তিক রচনার অংশ হিসাবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী (মাধ্যমিক স্তরের ছাত্র-ছাত্রীদের উপযোগী) বিষয়ক বই পাঠাভ্যাস কর্মসূচিতে সংযোজন করা যেতে পারে।

স্কুলের ছাত্র-ছাত্রীদের মধ্যে ইংরেজি ভাষায় টেক্সট বই বাদে অন্য বই পড়ার কোনো অভ্যাস নেই। ইংরেজি ভাষার প্রতি অনাগ্রহ এবং শব্দের অর্থ বুঝতে না পারা এর মূল কারণ। এই অবস্থা পরিবর্তনের লক্ষ্যে ইংরেজি বইয়ের ক্ষেত্রে বাংলা উচ্চারণ ও শব্দার্থ সমন্বিত এমন বই নির্বাচন করতে হবে যা ছাত্র-ছাত্রীরা কারো সাহায্য ছাড়াই নিজেরা পড়তে পারবে। এ ধরণের বই পড়ে ছাত্র-ছাত্রীরা আনন্দ পাবে এবং এটি তাদের ইংরেজি শিক্ষায় সহায়ক হবে।

## পুস্তক সংগ্রহের নীতিমালা

১. বিশ্ব নাগরিকতাবোধ, অসাম্প্রদায়িক চেতনা, দেশপ্রেমিক নৈতিক মূল্যবোধ সম্পন্ন ভবিষ্যতের সুনাগরিক গড়ে তুলতে সক্ষম-এরুপ বই হতে হবে।
২. বইয়ের ভাষা আকর্ষণীয়, সহজবোধ্য এবং ষষ্ঠ থেকে দশম শ্রেণির ছাত্র-ছাত্রীদের পাঠোপযোগী হতে হবে।
৩. বই হালনাগাদ তথ্য ও ধারণাসমৃদ্ধ এবং সুলিখিত হতে হবে, তবে চিরায়ত সাহিত্যের ক্ষেত্রে হালনাগাদ তথ্যের বিষয় প্রযোজ্য হবে না।
৪. বইয়ে রাষ্ট্রীয় নীতি, ধর্ম, প্রথা, ও মূল্যবোধ বিরোধী কোনো বক্তব্য থাকবে না।
৫. বইয়ে আমাদের মহান মুক্তিযুদ্ধের চেতনা পরিপন্থি কোনো মন্তব্য থাকবে না।
৬. ইতিহাসের বিকৃতি বইয়ের অগ্রহণযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
৭. বাংলাদেশের আন্দোলন, স্বাধীনতা যুদ্ধ ও বঙ্গবন্ধু বিষয়ক বই হতে হবে।
৮. কিশোর উপযোগী সাহিত্য, সমাজ, সংস্কৃতি, ইতিহাস, মহান মুক্তিযুদ্ধ, বাঙালি জাতিসত্তার উদ্ভব এবং এর উপাদানসমূহ থাকতে হবে।
৯. বিশ্বের ইতিহাস সৃষ্টিকারী ব্যক্তিগণের জীবনীভিত্তিক রচনা হতে হবে।
১০. পরিবেশ ও পারিপার্শ্বিক বিষয়ক আনন্দময় পাঠ, বিজ্ঞান, বৈজ্ঞানিক আবিষ্কার ও উন্নয়ন, প্রযুক্তিগত উদ্ভাবন, তথ্য-প্রযুক্তি ও ক্রীড়া, সংগীত বিষয়ক সাহিত্য অন্তর্ভুক্ত হতে হবে।
১১. নৈতিকতা ও দর্শন বিষয়ক সাহিত্য হতে হবে।
১২. পুস্তক নির্বাচনের ক্ষেত্রে শিষ্টাচার ও সদাচরণে উদ্বুদ্ধ করতে পারে এমন মহৎ ব্যক্তিদের জীবন কাহিনী, সৃষ্টিশীল গল্প, প্রবন্ধ, উপন্যাস, স্বদেশপ্রেম ও নৈতিক মূল্যবোধ সৃষ্টিতে সহায়ক, কল্পনা শক্তি ও সৃজনশীলতার বিকাশ সাধন করে এবং সাধারণ জ্ঞান বিষয়ক বই নির্বাচনে প্রাধান্য পাবে।

অপর পৃষ্ঠা সদয় দ্রষ্টব্য

১৩. বই নির্বাচনের ক্ষেত্রে বইয়ের বিষয়বস্তু ও প্রকাশনার মানের বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করা হবে। পাশাপাশি বইয়ের প্রতিযোগিতামূলক মূল্যের বিষয়টিও বিবেচিত হবে।

১৪. ক্লাসিক লেখকের একই বই বিভিন্ন প্রকাশক কর্তৃক প্রকাশিত হয়েছে এমন ক্ষেত্রে যে বইয়ে ব্যবহৃত কাগজ, মুদ্রণমান, বাঁধাই, প্রচ্ছদ অঙ্গসৌষ্ঠব এবং মূল্য সবদিক থেকে মানসম্পন্ন বিবেচিত হবে নির্বাচনের ক্ষেত্রে তা অধিকতর প্রাধান্য পাবে।

১৫. কোনো ধরনের অশালীন ভাব-সংবলিত এবং সার্বভৌমত্ববিরোধী, জাতিগত বিদ্বেষ বা ধর্মীয় অনুভূতিতে আঘাত হানতে পারে এমন পুস্তক নির্বাচন করা যাবে না।

১৬. কোনো লেখক কিংবা প্রকাশক কর্তৃক প্রকাশিত কোনো গ্রন্থ সরকার কিংবা কোনো সরকারি কর্তৃপক্ষ বা কোনো সরকারি প্রতিষ্ঠান কর্তৃক বাজেয়াপ্ত বা কালো তালিকাভুক্ত হয়ে থাকলে তা নির্বাচনের জন্য যোগ্য বিবেচিত হবে না।

১৭. মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার চেতনাবিরোধী কোনো লেখকের গ্রন্থ নির্বাচন করা হবে না।

১৮. কর্মসূচি বইয়ের পৃষ্ঠা সংখ্যা সর্বোচ্চ ২০০ পৃষ্ঠার মধ্যে হতে হবে, তবে বিষয় ও মান বিবেচনায় পৃষ্ঠাসংখ্যা সামান্য হ্রাস-বৃদ্ধি হতে পারে।

১৯. একটি প্রকাশনা সংস্থা সর্বোচ্চ ০৫টি (পাঁচ) বই প্রস্তাব করতে পারবে। তবে সংশ্লিষ্ট কমিটি প্রয়োজনে বইয়ের সংখ্যা কমাতে/বাড়াতে পারবে। উল্লেখ্য যে, প্রস্তাব এর জন্য কর্তৃপক্ষের নিকট প্রদেয় বই অফেরতযোগ্য।

২০. ইতোপূর্বে পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির পুরস্কারের জন্য যেসব বই নির্বাচিত হয়েছে সেগুলো নির্বাচনের জন্য পুনরায় জমা দেওয়া যাবে এবং তা বর্তমান প্রক্রিয়ায় মূল্যায়নের মাধ্যমে তালিকাভুক্ত হতে পারে কিন্তু স্বয়ংক্রিয়ভাবে তা তালিকাভুক্ত হবে না। তবে ইতোপূর্বে পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির "কর্মসূচি বই" (Program Book) হিসেবে তালিকাভুক্ত বই পুনরায় প্রস্তাব করার প্রয়োজন নেই। এ তালিকার বই অব্যাহত রাখা বা না রাখার বিষয়ে কমিটি/কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করবে।

২১. যেসব বইয়ের ক্ষেত্রে লেখকের স্বত্ব প্রযোজ্য সেসব বই প্রস্তাব করার ক্ষেত্রে লেখকের সাথে প্রকাশকের স্ট্যাম্পে লিখিত চুক্তি থাকতে হবে এবং চুক্তির কপি বইয়ের সাথে দাখিল করতে হবে।

২২. কমিটি কর্তৃক নির্বাচিত বই অনলাইনে পড়ার জন্য ব্যবহারের অনুমতি দিতে হবে।

২৩. স্বত্ববিহীন [যে-সব বইয়ের উপর কোনো বিশেষ ব্যক্তি, সংস্থা বা প্রকাশনার একক স্বত্বাধিকার নেই] যে-সব বই একাধিক প্রকাশনা থেকে প্রকাশিত হয়েছে সে-সব বইয়ের একই শিরোনামের একাধিক বই জমা হলে যেটি মান মূল্যের বিবেচনায় কমিটির কাছে যথোপযুক্ত বিবেচিত হবে সেটিই তালিকাভুক্ত হবে।

২৪. বিষয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ হলে বাংলাদেশে প্রকাশিত বিদেশী সাহিত্যের অনুবাদ প্রস্তাব করা যেতে পারে।

২৫. কপিরাইট আইনের পরিপন্থী কোনো পুস্তক/পাঠসামগ্রী ক্রয় করা যাবে না।

২৬. বাংলাদেশে প্রকাশিত পুস্তক অগ্রাধিকার ভিত্তিতে ক্রয় করা হবে।

২৭. বই ক্রয়ে শৃঙ্খলা বিধানের স্বার্থে একই লেখকের একই শিরোনামের বই লেখক এবং প্রকাশনা উভয় সংস্থার তালিকায় প্রদান করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

২৮. আইএসবিএন ব্যতীত কোনো পুস্তক নির্বাচন করা হবে না।

২৯. বিদ্যমান কপিরাইট আইন অনুযায়ী পাইরেটেড এবং ফটোকপি বই নির্বাচন করা হবে না।

৩০. প্রস্তাবিত তালিকা থেকে বই নির্বাচন কমিটি প্রয়োজনীয় বই নির্বাচন করে তালিকা প্রণয়ন করবে, তবে কমিটি চাইলে অন্য যে কোনো বই অন্তর্ভুক্ত করার ক্ষমতা সংরক্ষণ করবে।

৩১. চূড়ান্ত তালিকাভুক্ত বই সংশ্লিষ্ট প্রকাশনা প্রতিষ্ঠান অথবা লেখক-প্রকাশক কর্তৃক নিজ খরচে কমিটি কর্তৃক নির্ধারিত স্থানে ও তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

৩২. নির্বাচিত বইয়ের মূল্য সংশ্লিষ্ট ক্রয় কমিটি কর্তৃক যথাযথ প্রক্রিয়ায় নির্ধারণ করা হবে। সংশ্লিষ্ট প্রকাশক/লেখক/সরবরাহকারী ধার্য মূল্যে বই সরবরাহে সম্মত হলেই কেবল তার বই গ্রহণ করা হবে।

৩৩. পুস্তানি ও ইনারের কাগজ কমপক্ষে ৭০ গ্রাম অফসেট, কাভারের কাগজ কমপক্ষে ১০০ গ্রাম আর্ট পেপার, বইয়ের কাভার ল্যামিনেটেড এবং কমপক্ষে ২৮ আউন্স বোর্ডে বাঁধাইকৃত ও উন্নতমানের এক বা বহু রং এ মুদ্রিত হতে হবে।

৩৪. আগ্রহী প্রকাশনা প্রতিষ্ঠানের অবশ্যই হালনাগাদ আয়কর সনদ, ট্রেড লাইসেন্স/প্রকাশনা লাইসেন্স থাকতে হবে।

৩৫. বেসরকারী প্রতিষ্ঠানসমূহ থেকে পুস্তক/পাঠসামগ্রী সংগ্রহের ক্ষেত্রে সরকারের বিদ্যমান রীতিনীতি অনুসরণ করা হবে।

৩৬. স্কিম বাস্তবায়ন ইউনিট বা তার নির্ধারিত প্রতিনিধি ভালো অবস্থায় (ছেঁড়া, ফাটাবিহীন) বই গ্রহণ করবে। পরবর্তীকালে বই সরবরাহকারী বিল দাখিল করলে তা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক দাখিলকৃত বিলের টাকা হিসাবরক্ষণ অফিস/ক্রসড চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-১ শাখা
www.shed.gov.bd

নম্বর : ৩৭.০০.০০০০.০৮১.৮১.০০৩.১৯- ৯০৬; তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ / ১৪ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : বই সংগ্রহের জন্য 'নীতিমালা' ও পত্রিকায় প্রকাশের জন্য 'বিজ্ঞাপন' অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : মাউশি অধিদপ্তরের স্মারক নং-এসইডিপি,এসআরএইচ.কর্মসুচি বই. ১৬.২০২১/৩৪, তারিখ : ২৮/০২/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের অধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি) এর "স্ট্রেংদেনিং রিডিং হ্যাবিট অ্যান্ড রিডিং স্কিলস অ্যামাং সেকেন্ডারি স্টুডেন্টস" শীর্ষক স্কিমের আওতায় মাধ্যমিক স্তরের ছাত্রছাত্রীদের মধ্যে বই পড়ার অভ্যাস গড়ে তোলার লক্ষ্যে দুই প্রকারের বই (ক. কার্যসূচির বই ও খ. পুরস্কারের বই) নির্বাচনের উদ্দেশ্যে আগ্রহী লেখক/প্রকাশনা প্রতিষ্ঠান থেকে বইয়ের তালিকা চেয়ে পত্রিকায় 'বিজ্ঞাপন' প্রকাশ করা এবং উল্লেখিত দুই ধরনের বই নির্বাচনের জন্য প্রস্তাবিত 'নীতিমালা' অনুমোদন করা হলো (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, উল্লেখিত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

(আ.ন.ম. তরিকুল ইসলাম)
উপসচিব
ফোন : ৯৫৬৪৫৫২
E-mail: sas_dev1@moedu.gov.bd

প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন
স্কিম পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ও
পরিচালক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

নম্বর : ৩৭.০০.০০০০.০৮১.৮১.০০৩.১৯- ৯০৬/১(৬) তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ / ১৪ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে অনুলিপি:
১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, প্রোগ্রাম কো-অর্ডিনেশন ইউনিট, এসইডিপি. শিক্ষা ভবন, ঢাকা।
৩। যুগ্মসচিব (উন্নয়ন-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অফিস কপি/মাস্টার কপি।

(আ.ন.ম. তরিকুল ইসলাম)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্ট্রেংদেনিং রিডিং হ্যাবিট অ্যান্ড রিডিং স্কিলস অ্যামাং সেকেন্ডারি স্টুডেন্টস স্কিম**
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
কক্ষ নম্বর- ১০৭ ব্লক-এ
Email: srhrsp2021@gmail.com

স্মারক নং: এসইডিপি.এসআরএইচ.কর্মসূচির বই.১৬.২০২১/৪৫

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ / ২৭ মে ২০২১ খ্রিস্টাব্দ ।

## বই তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি) এর আওতায় 'স্ট্রেংদেনিং রিডিং হ্যাবিট অ্যান্ড রিডিং স্কিলস অ্যামাং সেকেন্ডারি স্টুডেন্টস' শীর্ষক স্কিমের আওতায় মাধ্যমিক স্তরের ছাত্রছাত্রীদের মধ্যে বই পড়ার অভ্যাস গড়ে তোলার লক্ষ্যে দুই প্রকারের বই (ক. কর্মসূচির বই ও খ. পুরস্কারের বই) নির্বাচনের উদ্দেশ্যে আগ্রহী লেখক/ প্রকাশনা প্রতিষ্ঠান থেকে নমুনা আহ্বান করা হচ্ছে।

শর্তসমূহ:

(ক) একজন লেখক বা একটি প্রকাশনা সংস্থা সর্বোচ্চ ৫ (পাঁচ) টি বই (কর্মসূচির এবং পুরস্কারের বই) প্রস্তাব করতে পারবে;

(খ) আগ্রহী প্রকাশনা প্রতিষ্ঠানের অবশ্যই হাল নাগাদ আয়কর সনদ, ট্রেড লাইসেন্স/প্রকাশনা লাইসেন্স থাকতে হবে; লেখকের ক্ষেত্রে কেবল আয়কর সনদ প্রযোজ্য হবে।

(গ) বইয়ের বিষয়, মান, স্পেসিফিকেশন, গ্রহণযোগ্যতা ও অযোগ্যতা, নির্বাচন পদ্ধতি ইত্যাদি বিষয়ক বিস্তারিত শর্তাবলী/তথ্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েব সাইট (www.shed.gov.bd), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (www.dshe.gov.bd), বা নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে যা এই বিজ্ঞপ্তির অংশ হিসেবে গণ্য হবে;

(ঙ) নির্বাচিত বইয়ের মূল্য বই তালিকাভুক্তির পর পৃথকভাবে যথাযথ প্রক্রিয়ার নির্ধারণ করা হবে;

(ঝ) সংশ্লিষ্ট ঘোষিত শর্তাবলী পুরণই তালিকাভুক্তির নিশ্চয়তা প্রদান করে না। কোনো নির্দিষ্ট বই তালিকাভুক্ত করা কিংবা না করার বিষয়ে কমিটি চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

২। প্রস্তাবিত বইয়ের তথ্য নিম্নোক্ত ছক আকারে স্পষ্টভাবে উল্লেখপূর্বক প্রতিষ্ঠানের প্রতিনিধির স্বাক্ষরসহ নমুনা বইয়ের সঙ্গে জমা দিতে হবে;

| ক্রম | বইয়ের নাম | লেখকের নাম | লেখক স্বত্ব প্রযোজ্য কি না? | বইয়ের বিষয় | বইয়ের সাইজ | পৃষ্ঠা সংখ্যা | কত রং-এর প্রচ্ছদ | কত রং-এর ইনার | ইনারের কাগজের বিবরণ | কভার কাগজের বিবরণ | বইয়ের গায়ে লিখিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |

৩। প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে অগ্রায়নপত্রসহ প্রস্তাবিত প্রতিটি বইয়ের ৪ (চার)টি করে নমুনা কপি আগামী ১০ জুন ২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সরাসরি জমা দেওয়া যাবে। জমাকৃত বই অফেরতযোগ্য। অগ্রায়নপত্রের সাথে আয়কর সনদ, ট্রেড লাইসেন্স/প্রকাশনা লাইসেন্স এবং প্রযোজ্য ক্ষেত্রে বইয়ের লেখকের সঙ্গে সম্পাদিত চুক্তিপত্র এবং অনলাইনে প্রকাশের সুযোগ সংক্রান্ত সম্মতিপত্র জমা দিতে হবে।

**(ড. আছিছুল আহছান কবীর)**
উপপরিচালক
ফোন: ৯৫৫৪৫৬৫